# পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড
ঢাকা-১০০০
www.pallisanchaybank.gov.bd

নং পসব্য/প্রকা/প্রশা-১২৪/২০২১-২২/ ১৫৫১ — তারিখ: ১০/০১/২০২২খ্রি.

১। বিভাগীয় প্রধান (সকল)
পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

২। দায়িত্বপ্রাপ্ত জেলা কর্মকর্তা (সকল)
পল্লী সঞ্চয় ব্যাংক, জেলা কার্যালয়।

৩। নিরীক্ষা দলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (সকল)
পল্লী সঞ্চয় ব্যাংক।

৪। শাখা ব্যবস্থাপক (সকল)
পল্লী সঞ্চয় ব্যাংক ।

বিষয়ঃ <u>পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা/কর্মচারী বদলী নীতিমালা,২০২১।</u>

পল্লী সঞ্চয় ব্যাংকের পরিচালনা বোর্ডের ২৮/০৯/২০২১ তারিখে অনুষ্ঠিত ৭০তম সভায় ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের বদলীর নীতিমালা অনুমোদন করা হয়েছে যা সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: ২ পাতা।

(দীপংকর রায়)
মহাব্যবস্থাপক

নং পসব্য/প্রকা/প্রশা-১২৪/২০২১-২২/১৫৫১ (৭) — তারিখ:১০/০১/২০২২খ্রি.

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১) উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
২) স্টাফ অফিসার টু চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক।
৩) স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক।
৪)স্টাফ অফিসার টু উপব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক।
৫) স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক।
৬) সকল কর্মকর্তা/কর্মচারী, পল্লী সঞ্চয় ব্যাংক।
৭) নথি।

(মোঃ ইসমাইল মিয়া)
সহকারী মহাব্যবস্থাপক

# পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড
ঢাকা-১০০০
www.pallisanchaybank.gov.bd

**বিষয়ঃ পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী বদলী নীতিমালা, ২০২১**

পল্লী সঞ্চয় ব্যাংকের পরিচালনা বোর্ডের ২৮/০৯/২০২১ তারিখে অনুষ্ঠিত ৭০তম সভায় কর্মকর্তা-কর্মচারীদের বদলী সংক্রান্ত নিম্নরূপ নীতিমালা অনুমোদন করা হয়েছে:

১. নিয়োগপত্রের শর্তানুসারে সার্বক্ষণিক কর্মচারীদের, প্রয়োজনে, ব্যাংকের যে কোন কার্যালয়/শাখায় বদলী করা যাবে।

২. ব্যাংকের বিভিন্ন কার্যালয়ে/শাখার জন্য অনুমোদিত পদের বিপরীতে কর্মচারীদের যোগ্যতা, কর্মদক্ষতা ও ব্যাংকের প্রয়োজন বিবেচনায় বদলী করা যাবে। কোন কার্যালয়/শাখায় অনুমোদিত পদের অতিরিক্ত কর্মচারী থাকলে শূন্য পদের বিপরীতে তাদেরকে অন্য শাখায় বদলীপূর্বক সমন্বয় করা যাবে । কোন কার্যালয়ে বিশেষ ধরণের কোন অ্যাসাইনমেন্ট থাকলে কর্তৃপক্ষ উক্ত অ্যাসাইনমেন্ট সম্পন্নকরণের জন্য শূন্য পদের অতিরিক্ত কর্মচারীকে সাময়িকভাবে উক্ত কার্যালয়ে স্থাপন/বদলী করতে পারবে।

৩. কর্মচারীদের এমনভাবে পোষ্টিং/পদায়ন করতে হবে যাতে সকল কর্মচারী শাখা পর্যায়ে সকল প্রকার ব্যাংকিং কার্যক্রমের অভিজ্ঞতা অর্জন করতে পারেন।

৪. সাধারণত ৩ (তিন) বছরের অধিকাল কোন কর্মচারীকে একই কার্যালয়ে নিয়োজিত রাখা যাবে না। একই গ্রেডভুক্ত কর্মচারীদের মধ্য হতে ৩ বছরের অধিককাল নিয়োজিত আছেন এমন কর্মচারীদের মধ্য হতে যাদের অবস্থানের সময় বেশি তাদেরকে পর্যায়ক্রমে বদলি করা যাবে। প্রধান কার্যালয়ে বদলীকৃত কর্মচারীকে একটি নূতন কর্মস্থলে বদলী হিসেবে গণ্য করা হবে।

৫. উপরি-উক্ত নীতি ৪ এ যা কিছুই থাকুন না কেন, ব্যাংকের স্বার্থে বা পদোন্নতির কারণে অথবা শৃঙ্খলাজনিত কারণে ৩ (তিন) বছর অতিক্রান্তের পূর্বেই কোন কর্মচারীকে কর্তৃপক্ষ অন্যত্র বদলী করতে পারবে।

৬. পদোন্নতির পর বদলীকৃত কর্মস্থলে যোগদানের পর ন্যূনতম ২ (দুই) বছর চাকুরি করতে হবে। এ সময়কালের মধ্যে অন্যত্র বদলীর জন্য কোন আবেদন/নিবেদন করা যাবে না। বদলীর পর বদলীকৃত কর্মস্থলে যোগদানের পর উক্ত কর্মস্থল হতে তিনি বেতন-ভাতাদি প্রাপ্য হবেন এবং এক্ষেত্রে অহেতুক ছুটিভোগ বা অন্য কোন কারণ দেখিয়ে নতুন কর্মস্থলে যোগদান বিলম্ব করলে, নতুন কর্মস্থলে যোগদান যত বিলম্ব করবে তত অধিক সময় বদলীকৃত কর্মস্থলে অবস্থান করতে হবে।

৬. পদোন্নতির পর যে সকল কর্মচারী বদলীর আদেশ রহিত/স্থগিত/বাতিলকরণের জন্য তদবির করবেন বা করাবেন তাদের পদোন্নতি সমর্পন সাপেক্ষে বদলীর আদেশ স্থগিত/রহিত/বাতিল করা যাবে।

৭. বদলীর আদেশে উল্লিখিত নির্ধারিত সময়ের মধ্যে, উপযুক্ত প্রশাসনিক কারণ ব্যতিত, ছাড়পত্র প্রদান না করা হলে, সংশ্লিষ্ট শাখা বা নিয়ন্ত্রণকারী অফিস প্রধান বা, ক্ষেত্রমত, উভয়ই দায়ী হবেন এবং উভয়ের বিরুদ্ধে যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৮. অবসর উত্তর ছুটিতে গমণের পূর্বে ছুটিতে গমণের তারিখ হতে পূর্ববর্তী ২ বছর সময়কালের মধ্যে কর্মচারীদের সাধারণত নতুন কোন কার্যালয়/শাখায় বদলী করা যাবে না। তবে কোন কর্মচারী উক্ত সময়কালে অন্যত্র বদলীর ইচ্ছা পোষণ করলে কর্তৃপক্ষ তা বিবেচনা করতে পারবে।

৯. বিশেষত: স্বামী-স্ত্রী একই ব্যাংকে চাকুরি করলে স্বামী বা স্ত্রীকে একই জেলায় অপরের কর্মস্থলের কাছাকাছি, পদ শূন্য থাকা সাপেক্ষে, বদলী করা যাবে।

১০. আর্থিক অনিয়ম বা সততা ও সুনামের ঘাটতি না থাকলে কোন কর্মচারীকে বর্তমান কর্মস্থলের অব্যবহিত পূর্ববর্তী কর্মস্থলে পুন:বদলী করা যেতে পারে। অর্থাৎ একই কর্মস্থলে, বিশেষ প্রয়োজনে, একাধিকবার বদলী করা যেতে পারে।

১১. পাহাড়, হাওড় ও দ্বীপ অঞ্চলে অবস্থিত শাখাসমূহে কর্মরত কর্মচারীদের (স্থানীয় অধিবাসী ব্যতীত) এসব এলাকায় ইচ্ছা বর্হিভূতভাবে সাধারণত ২ (দুই) বছরের বেশি নিয়োজিত রাখা যাবে না।

১২. শাখার গুরুত্ব ও কাজের ব্যাপকতা বিবেচনায় অধিকতর দক্ষ, যোগ্য ও উচ্চ পদমার্যাদাসম্পন্ন কর্মচারীকে নিজ বেতন ও সুবিধাসহ উক্ত শাখায় পদায়ন করা যাবে।

১৩. সকল বদলী সাধারণত জুলাই-সেপ্টেম্বর প্রান্তিকে সম্পন্ন করা হবে। বছরের বাকী সময়ে সাধারণত কোন বদলী করা হবে না। বদলীর আবেদন শুধুমাত্র ঐ ৩ (তিন) মাসের মধ্যেই করা যাবে। তবে ব্যাংক উহার নিজস্ব প্রয়োজনে যে কোন সময় বদলী কার্যক্রম গ্রহণ করতে পারবে।

১৪. কর্তৃপক্ষ, প্রশাসনিক বিশেষ কারণে, এই নীতিমালার ব্যতিক্রম করতে পারবে।

[ব্যাখ্যা।- এই নীতিমালায় 'কর্মচারী' বলতে কর্মকর্তাও অন্তর্ভুক্ত হবে]

পরিচালনা বোর্ডের অনুমোদনক্রমে

(খন্দকার আতাউর রহমান)
ব্যবস্থাপনা পরিচালক